# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৮৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯. প্রথম অনুচ্ছেদ - সালাতের মাঝে যে সব কাজ করা নাজায়িয ও যে সব কাজ করা জায়িয

بَابُ مَا لَا يَجُوْزُ مِنَ الْعَمَلِ فِي الصَّلَاةِ وَمَا يُبَاحُ مِنْهُ

---

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا تَثَاءَبَ أَحَدُكُمْ فَلْيَكْظِمْ مَا اسْتَطَاعَ فَإِنَّ الشَّيْطَانَ يَدْخُلُ» . رَوَاهُ مُسلم

বাংলা

৯৮৫-[৮] আবূ সা’ঈদ আল্ খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সালাতে তোমাদের কারো ’হাই’ আসলে যথাসাধ্য তা আটকে রাখবে। কারণ (’হাই’ দেয়ার সময়) শায়ত্বন (শয়তান) (মুখে) ঢুকে যায়। (মুসলিম)[1]

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَلْيَكْظِمْ مَا اسْتَطَاعَ) সাধ্যানুযায়ী ‘হাই’ প্রতিরোধ করবে। অর্থাৎ দাঁতের উপর দাঁত চেপে ধরে দুই ঠোঁট মিলিয়ে মুখ বন্ধ করবে। তাতেও যদি ‘হাই’ থামাতে সক্ষম না হয় তাহলে মুখের উপর হাত রাখবে।

ইবনু ‘আরাবী বলেনঃ সর্বাবস্থায় ‘হাই’ প্রতিরোধ করতে হবে কেননা তা শায়ত্বনের (শয়তানের) কাজ। বিশেষ করে সালাতের মধ্যে অবশ্যই ‘হাই’ প্রতিরোধ করতে হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55544

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন